upload 04/02/23 RT

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার, সদর দপ্তর
৩১/১, সৈয়দ মাহবুব মোরশেদ সরণি
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd

নম্বর: ১৫.৫৩.০০০০.০১৪.১০.১৭৯.২১.৫৬৬

তারিখ: ০২/০২/২০২৩

বিষয়: **বিশ্ব বেতার দিবস-২০২৩ উদযাপন উপলক্ষ্যে সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব নাসরুল্লাহ মোঃ ইরফান, অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান), বাংলাদেশ বেতার।
সভার তারিখ : ৩১ জানুয়ারী ২০২৩ সকাল ১০:০০ ঘটিকা।
সভার স্থান' : সদর দপ্তরের সভাকক্ষ।
উপস্থিতির তালিকা : পরিশিষ্ট "ক"

উপস্থিত সকল কর্মকর্তাকে শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন।সভায় আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | গত সভায় গৃহীত সিদ্ধান্ত | সভায় গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|
| ১। | আমন্ত্রণপত্র তৈরী ও বিতরণ | সভায় বিশ্ব বেতার দিবস-২০২৩ উদযাপন উপলক্ষে আমন্ত্রন পত্র তৈরি ও আমন্ত্রিত প্রধান অতিথি, বিশেষ অতিথিসহ, সাবেক মহাপরিচালক মহোদয়গণসহ, বিশিষ্ট ব্যক্তিবর্গ/ শিল্পী-কলাকুশলীদের মাঝে আমন্ত্রণ পত্র বিতরণ ব্যবস্থা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | সভায় উপদেষ্টা কমিটি কর্তৃক আমন্ত্রণ পত্রের কার্ডে ডিজাইন অনুমোদন সাপেক্ষে কার্ড তৈরি ও বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। আমন্ত্রণপত্রের খসড়া পত্রে সচিব মহোদয়ের অনুমোদন গ্রহণ করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। মহামান্য রাষ্ট্রপতির কার্যালয়, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, সাবেক মহাপরিচালক মহোদয়গণসহ বিশিষ্ট ব্যক্তিবর্গ/ শিল্পী-কলাকুশলীদের মাঝে আমন্ত্রণ পত্র বাংলাদেশ বেতারের সিনিয়র কর্মকর্তাদের সমন্বয়ে বিতরণের করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | আমন্ত্রণপত্র তৈরী ও বিতরণ কমিটি |
| ২। | র‍্যালি আয়োজন | সভায় বিশ্ব বেতার দিবস-২০২৩ উদযাপন উপলক্ষে র‍্যালি আয়োজনের বিষয়ে আলোচনা হয়। র‍্যালী অনুষ্ঠিত হওয়ার পূর্বে সকল অতিথিগণ উপস্থিত হবার পর ব্যানার, ফেস্টুনসহ র‍্যালি আয়োজন এবং বেলুন উড়িয়ে বাদ্যযন্ত্র বাজিয়ে র‍্যালী উদ্বোধনের বিষয়ে মতামত দেন। সভায় বলা হয়, প্রধান অতিথি, বিশেষ অতিথি এবং অন্যান্য অতিথিদের ঢাকা কেন্দ্রের সভা কক্ষে বসার বিষয়ে আলোচনা হয়। | ১। সকাল ৮.০০ টায় র‍্যালি আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত হয়। সকল অতিথিগণ উপস্থিত হবার পর ব্যানার, ফেস্টুনসহ র‍্যালির আয়োজন এবং বেলুন উড়িয়ে বাদ্যযন্ত্র বাজিয়ে র‍্যালী উদ্বোধনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। বিশ্ব বেতার দিবস-২০২৩ উপলক্ষে র‍্যালীতে উপস্থিত সকলকে টি-শার্ট, ক্যাপ এবং সকালের নাস্তা বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। বাংলাদেশ বেতারের মহাপরিচালকের উপস্থিতিতে সকাল ৯.০০ টায় র‍্যালি আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত হয়। এ জন্য ঢাকাস্থ (সাভার, কবিরপুর ও ধামরাই) বেতারের সকল কর্মকর্তা/কর্মচারীকে আবশ্যিকভাবে সকাল ৮.০০ টার মধ্যে দপ্তরে উপস্থিত থাকতে হবে মর্মে সিদ্ধান্ত হয়। অতিথিগণ উপস্থিত হবার পর ব্যানার, ফেস্টুনসহ র‍্যালির আয়োজন এবং বেলুন উড়িয়ে বাদ্যযন্ত্র বাজিয়ে র‍্যালী উদ্বোধনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। আগামী সভায় বিশ্ব বেতার দিবস-২০২৩ উপলক্ষে টি-শার্ট, ক্যাপ ডিজাইন তৈরিপূর্বক চূড়ান্ত অনুমোদন গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | অভ্যর্থনা ও র‍্যালি কমিটি |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | গত সভায় গৃহীত সিদ্ধান্ত | সভায় গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|
| ৩। | আলোচনা অনুষ্ঠান ব্যবস্থাপনা | এ পর্যায়ে অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান), উপ-মহাপরিচালক (বার্তা) প্রধান প্রকৌশলী মহোদয় মঞ্চে আমন্ত্রিত অতিথিদের বসার ব্যবস্থা করার বিষয়ে আলোচনা করেন। মঞ্চে আমন্ত্রিত অতিথিদের উন্নতমানের ফোল্ডার, কলম, রাইটিং প্যাড, মিনারেল ওয়াটার, এয়ার ফ্রেসনার, এরোসোল, ফেসিয়াল টিস্যু পেপারসহ প্রয়োজনীয় সামগ্রী সরবরাহের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ১। আলোচনা অনুষ্ঠান সকাল ৯.০০ টায় আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। আলোচনা অনুষ্ঠানে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও সম্মানিত সচিব মহোদয় যথাক্রমে প্রধান অতিথি ও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকার বিষয়ে আনুষ্ঠানিকভাবে আমন্ত্রন জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। একই সাথে UNESCO প্রতিনিধিকে বিশেষ অতিথি হিসেবে আমন্ত্রন জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩। আলোচনা অনুষ্ঠানের আমন্ত্রিত অতিথিদের আপ্যায়নের জন্য চাহিদা মোতাবেক উন্নতমানের নাস্তা আপ্যায়ন কমিটি সরবরাহ করবেন।<br>৪। আলোচনা সভায় স্বাগত বক্তব্য দিবেন অতিরিক্ত মহাপরিচালক (বার্তা) মহোদয়।<br>৫। আলোচনা অনুষ্ঠান সভাপতিত্ব করবেন মহাপরিচালক বাংলাদেশ বেতার। | ১। আলোচনা অনুষ্ঠান বিকাল ৪.০০ টায় আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও সম্মানিত সচিব মহোদয় এবং বাংলাদেশ বেতারের মহাপরিচালক কর্তৃক আলোচনা অনুষ্ঠানের বক্তব্য আগামী ০৫/০২/২০২৩ তারিখের মধ্যে চূড়ান্ত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩। আলোচনা সভায় স্বাগত বক্তব্য দিবেন অতিরিক্ত মহাপরিচালক (বার্তা) মহোদয়।<br>৪। আলোচনা অনুষ্ঠান সভাপতিত্ব করবেন মহাপরিচালক বাংলাদেশ বেতার। | আলোচনা অনুষ্ঠান ব্যবস্থাপনা কমিটি/ আপ্যায়ন কমিটি |
| ৪। | অভ্যর্থনা ও আপ্যায়ন | সভায় বিশ্ব বেতার দিবস-২০২৩ উদযাপন উপলক্ষে র‌্যালিতে অংশগ্রহণকারী সকলকে নাস্তা পরিবেশনের বিষয়ে আলোচনা হয়। বিশেষ করে, প্রধান অতিথি, বিশেষ অতিথি, সাবেক মহাপরিচালকগণ সহ, বিশিষ্ট ব্যক্তিবর্গ/শিল্পী-কলাকুশলী এবং তাদের সাথে আগত মন্ত্রণালয়/ বিভিন্ন সংস্থা/দপ্তরের অন্যান্য ব্যক্তিবর্গ এবং প্রিন্ট ও ইলেট্রোনিক মিডিয়ার সংবাদিকদের মাঝে নাস্তা/খাবার পরিবেশন করার জন্য মতামত দেন। এছাড়াও দিনব্যাপি অনুষ্ঠানে অংশগ্রহনকারীদের মাঝে দুপুরের লাঞ্চ সরবরাহের বিষয়েও আলোচনা হয়। | ১। সভার আলোচনা মোতাবেক মাননীয় মন্ত্রী, এবং সচিব মহোদয়সহ বিশিষ্ট অতিথিবৃন্দের জন্য উন্নতমানের নাস্তার ব্যবস্থা করতে হবে। এছাড়া সাবেক মহাপরিচালক, বিশিষ্ট ব্যক্তিবর্গ/ শিল্পী-কলাকুশলী এবং তাদের সাথে আগত মন্ত্রণালয় / বিভিন্ন সংস্থা/ দপ্তরের অন্যান্য ব্যক্তিবর্গ এবং প্রিন্ট ও ইলেট্রোনিক মিডিয়ার সংবাদিকদের মাঝে সুষ্ঠভাবে নাস্তার প্যাকেট পরিবেশন করতে হবে।<br>২। সভায় সকালের নাস্তা এবং দুপুরের খাবার সরবরাহের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। আলোচনা অনুষ্ঠানের আমন্ত্রিত অতিথিদের আপ্যায়নের জন্য চাহিদা মোতাবেক উন্নতমানের নাস্তা আপ্যায়ন কমিটি সরবরাহ করবেন।<br>২। এছাড়া সাবেক মহাপরিচালক, বিশিষ্ট ব্যক্তিবর্গ/ শিল্পী-কলাকুশলী এবং তাদের সাথে আগত মন্ত্রণালয়/ বিভিন্ন সংস্থা/ দপ্তরের অন্যান্য ব্যক্তিবর্গ এবং প্রিন্ট ও ইলেট্রোনিক মিডিয়ার সংবাদিকদের মাঝে সুষ্ঠভাবে নাস্তার প্যাকেট পরিবেশন করা হবে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩। সভায় র‌্যালি শেষে সকলের মাঝে সুষ্ঠভাবে সকালের নাস্তা বিতরণ এবং | অভ্যর্থনা ও র‌্যালি/আপ্যায়ন কমিটি |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | গত সভায় গৃহীত সিদ্ধান্ত | সভায় গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|
| | | | | দুপুরের খাবার সরবরাহের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৫। | ক্রোড়পত্র ও প্রচারণা | সভায় ক্রোড়পত্র ও প্রচারণার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় জাতিসংঘের অঙ্গসংস্থা ইউনেস্কোর বিশ্ব বেতার দিবস-২০২৩ উদযাপনে এবারের প্রতিপাদ্য-কে সামনে রেখে বাংলাদেশ বেতারের ক্রোড়পত্র প্রকাশের জন্য মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী এবং সচিব মহোদয়ের বাণী প্রস্তুতকরণের বিষয়ে আলোচনা হয়। বিশ্ব বেতার দিবস উপলক্ষে বেসরকারি টেলিভিশন, বেতার ও সংবাদপত্রে প্রচারের জন্য ব্যবস্থা গ্রহণ করার বিষয়েও আলোচনা হয়। | ১। সভার আলোচনা মোতাবেক জাতিসংঘের অঙ্গসংস্থা ইউনেস্কোর বিশ্ব বেতার দিবস-২০২৩ উদযাপনের এবারের প্রতিপাদ্য বিষয় -কে সামনে রেখে বাংলাদেশ বেতারের ক্রোড়পত্রে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয়ের বাণী প্রস্তুত করে প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। ক্রোড়পত্র প্রকাশের জন্য মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয়ের বাণী আগামী ১০/০২/২০২৩ তারিখের মধ্যে সংগ্রহপূর্বক প্রস্তুত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ক্রোড়পত্র ও প্রচারণা কমিটি |
| ৬। | শ্রোতা সম্মেলন | বিশ্ব বেতার দিবস-২০২৩ উপলক্ষে বাংলাদেশ বেতার, আগারগাঁও চত্বরে শ্রোতা সম্মেলন আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ১। বাংলাদেশ বেতারের শ্রোতা ক্লাবের সদস্যদের উপস্থিতিতে শ্রোতা সম্মেলন বেলা ৩.০০ টায় আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। অংশগ্রহণকারী শ্রোতা ক্লাবের সদস্যদের শুভেচ্ছা কার্ড প্রদান করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। বাংলাদেশ বেতারের শ্রোতা ক্লাবের সদস্যদের উপস্থিতিতে শ্রোতা সম্মেলন বেলা ১০.০০ টায় আয়োজন করা এবং বেলা ১২.০০ টার মধ্যে শেষ করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান /বার্তা), প্রধান প্রকৌশলী, উপ-মহাপরিচালক (অনুষ্ঠান-১/২), উপ-মহাপরিচালক (বার্তা) আবশিকভাবে উপস্থিত থাকবেন। শ্রোতা সম্মেলন শেষে শ্রোতা ক্লাবের একটি প্রতিবেদন শ্রোতা সম্মেলন কমিটির আহবায়ক প্রকাশ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। অংশগ্রহণকারী শ্রোতা ক্লাবের সদস্যদের শুভেচ্ছা কার্ড প্রদান করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | শ্রোতা সম্মেলন কমিটি |
| ৭। | সাংস্কৃতিক অনুষ্ঠান | বিশ্ব বেতার দিবস-২০২৩ উপলক্ষে বাংলাদেশ বেতার, আগারগাঁও চত্বরে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ১। বিশ্ব বেতার দিবস-২০২৩ উপলক্ষে বাংলাদেশ বেতার, আগারগাঁও চত্বরে সন্ধ্যা ৬.০০ ঘটিকায় সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। বিশ্ব বেতার দিবস-২০২৩ উপলক্ষে বাংলাদেশ বেতার, আগারগাঁও চত্বরে সন্ধ্যা ৬.৩০ ঘটিকায় সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সাংস্কৃতিক কমিটি/শ্রোতা সম্মেলন কমিটি এবং আপ্যায়ন কমিটি। |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | গত সভায় গৃহীত সিদ্ধান্ত | সভায় গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|
| ৮। | আঞ্চলিক কেন্দ্রসমূহে বিশ্ব বেতার দিবস-২০২৩ উদযাপন | আঞ্চলিক কেন্দ্রসমূহে বিশ্ব বেতার দিবস-২০২৩ উদযাপন উপলক্ষে বিস্তারিত আলোচনা হয়। | ১। আঞ্চলিক কেন্দ্রসমূহে অনুষ্ঠান, বার্তা ও প্রকৌশল বিভাগ সমন্বিতভাবে তাদের নিজস্ব বাজেট থেকে বিশ্ব বেতার দিবস-২০২৩ উদযাপনের আয়োজন করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। আঞ্চলিক কেন্দ্রসমূহে অনুষ্ঠান, বার্তা ও প্রকৌশল বিভাগ সমন্বিতভাবে অভিন্ন ব্যানারসহ তাদের নিজস্ব বাজেট থেকে বিশ্ব বেতার দিবস-২০২৩ উদযাপনের আয়োজন করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল আঞ্চলিক কেন্দ্রের অনুষ্ঠান, বার্তা ও প্রকৌশল বিভাগ প্রধানগণ |
| ৯। | মঞ্চ, র‍্যালি, সাজসজ্জা ও নিরাপত্তা | সভায় বিশ্ব বেতার দিবস-২০২৩ উদযাপনের জন্য বরাবরের মতো মঞ্চ নির্মাণ ও আলোকসজ্জা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | ১। আধুনিক মঞ্চ প্রস্তুত, প্যান্ডেল, স্টেজ লাইটিং, প্রফেশনাল সাউন্ড সিস্টেম, সিলিং ফ্যান, কুলার, ভিআইপি সোফা/উন্নত সোফা, এলইডি মনিটর, মেইনগেট সজ্জিতকরণ, ব্যানার, ফুলেল ডেকোরেশন, প্লেকার্ড, ফেস্টুন, ডিজিটাল ব্যানার ইত্যাদি নিশ্চিত করার সিদ্ধান্ত সভায় গৃহীত হয়।<br>৩। বাংলাদেশ বেতার, আগারগাঁও চত্বরে অবস্থিত ভবনসমূহে, মাঠে ও মঞ্চে আলোকসজ্জা করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪। আগামী ১২ ও ১৩ ফেব্রুয়ারি ২০২৩ আগারগাঁও বেতার চত্বর আলোকসজ্জা করণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। আধুনিক মঞ্চ প্রস্তুত, প্যান্ডেল, স্টেজ লাইটিং, প্রফেশনাল সাউন্ড সিস্টেম, সিলিং ফ্যান, কুলার, ভিআইপি সোফা/উন্নত সোফা, এলইডি মনিটর, মেইনগেট সজ্জিতকরণ, ব্যানার, ফুলেল ডেকোরেশন, প্লেকার্ড, ফেস্টুন, ডিজিটাল ব্যানার, ইত্যাদি নিশ্চিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। মঞ্চের পার্শ্বে ফটো কর্ণার নিমার্ণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩। বাংলাদেশ বেতার, আগারগাঁও চত্বরে অবস্থিত ভবনসমূহে, মাঠে ও মঞ্চে আলোকসজ্জা করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪। আগামী ১২ ও ১৩ ফেব্রুয়ারি ২০২৩ আগারগাঁও বেতার চত্বর আলোকসজ্জা করণের সিদ্ধান্ত গৃহীত হয়। | মঞ্চ, র‍্যালি, সাজসজ্জা ও নিরাপত্তা কমিটি |
| ১০। | কারিগরী বিষয় | বিশ্ব বেতার দিবসের অনুষ্ঠানটি বাংলাদেশ বেতারের বিদ্যমান উন্মুক্ত স্টেজে সম্পন্নকরণের নিমিত্ত মঞ্চে ও প্রয়োজনীয় স্থানে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহসহ অন্যান্য কারিগরী সহায়তা নিশ্চিত করার বিষয়ে আলোচনা করা হয়। | ১। বিশ্ব বেতার দিবসের অনুষ্ঠানটি বাংলাদেশ বেতারের বিদ্যমান উন্মুক্ত স্টেজে সম্পন্নকরণের নিমিত্ত মঞ্চে ও প্রয়োজনীয় স্থানে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করবেন।<br>২। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করণের লক্ষে বিদ্যুৎ সরবরাহকারী প্রতিষ্ঠান ডিপিডিসি/ডেসকো-কে পত্র প্রেরণ করবেন।<br>৩। বাংলাদেশ বেতারের বিদ্যমান উন্মুক্ত স্টেজ থেকে সরাসরি সম্প্রচারসহ সম্পূর্ণ অনুষ্ঠানের অডিও/ভিডিও রেকর্ডিং এর ব্যবস্থা নিশ্চিত করতে হবে। | ১। বিশ্ব বেতার দিবসের অনুষ্ঠানটি বাংলাদেশ বেতারের বিদ্যমান উন্মুক্ত স্টেজে সম্পন্নকরণের নিমিত্ত মঞ্চে ও প্রয়োজনীয় স্থানে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করবেন।<br>২। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করণের লক্ষে বিদ্যুৎ সরবরাহকারী প্রতিষ্ঠান ডিপিডিসি/ডেসকো-কে পত্র প্রেরণ করবেন।<br>৩। বাংলাদেশ বেতারের বিদ্যমান উন্মুক্ত স্টেজ থেকে সরাসরি সম্প্রচারসহ সম্পূর্ণ অনুষ্ঠানের অডিও/ভিডিও রেকর্ডিং এর ব্যবস্থা নিশ্চিত করতে হবে। | কারিগরী কমিটি |

পরিশেষে আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

নাসরুল্লাহ মোঃ ইরফান
অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান)
মহাপরিচালকের পক্ষে।
☎: ০২-৪৪৮১৩০৬৭
ই-মেইল: adgprogramme@gmail.com

নম্বর: ১৫.৫৩.০০০০.০১৪.১০.১৭৯.২১. ৫৮৮

তারিখ: ৩১/০৭/২০২৫

বিতরণ: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১। অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান/বার্তা), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
৩। উপ-মহাপরিচালক (অনুষ্ঠান-১/অনুষ্ঠান-২), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সংরক্ষণ ও সরঞ্জাম/কারিগরী কার্য, বাংলাদেশ বেতার, ঢাকা/বাংলাদেশ বেতার, কবিরপুর, ঢাকা/মহাশক্তি প্রেরণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ধামরাই, ঢাকা।
৫। মাননীয় সচিবের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় সচিব মহোদয়ের সদয় অবগতিকল্পে)।
৬। পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা।
৭। পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
৮। পরিচালক, অনুষ্ঠান/লিয়াজোঁ/শিক্ষা/সংগীত/কৃষি বিষয়ক কার্যক্রম/জনসংখ্যা, স্বাস্থ্য ও পুষ্টি সেল/কেন্দ্রীয় বার্তা সংস্থা/মনিটরিং পরিদপ্তর/বাণিজ্যিক কার্যক্রম/ট্রান্সক্রিপশন সার্ভিস/বহির্বিশ্ব কার্যক্রম, বাংলাদেশ বেতার, ঢাকা/বাংলাদেশ বেতার, চট্টগ্রাম।
৯। আবাসিক প্রকৌশলী, উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১/২, বাংলাদেশ বেতার, সাভার, ঢাকা/বাংলাদেশ বেতার, নওয়াপাড়া, যশোর/বাংলাদেশ বেতার, কালুরঘাট, চট্টগ্রাম/বাংলাদেশ বেতার, কাহালু, বগুড়া।
১০। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। সিনিয়র প্রকৌশলী, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
১২। সিনিয়র প্রকৌশলী, সংরক্ষণ শাখা/জাতীয় বেতার ভবন/পরিকল্পনা শাখা, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
১৩। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, রাজশাহী/সিলেট/রংপুর/খুলনা/বরিশাল/কক্সবাজার/বান্দরবান/ঠাকুরগাঁও/রাঙ্গামাটি/কুমিল্লা/গোপালগঞ্জ/ময়মনসিংহ।
১৪। আঞ্চলিক পরিচালক, বেতার প্রকাশনা দপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা।
১৫। সংশ্লিষ্ট কর্মকর্তা.................................................................................................।
১৬। অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
১৭। আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার, চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/রংপুর/খুলনা/বরিশাল/কক্সবাজার/বান্দরবান/ঠাকুরগাঁও/রাঙ্গামাটি/গোপালগঞ্জ/ময়মনসিংহ/নিম্নশক্তি প্রেরণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, লালমাই, কুমিল্লা।
১৮। স্টেশন প্রকৌশলী, মনিটরিং পরিদপ্তর/ট্রান্সক্রিপশন সার্ভিস, বাংলাদেশ বেতার, ঢাকা।
১৯। আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/রংপুর/খুলনা/বরিশাল/কক্সবাজার/বান্দরবান/ঠাকুরগাঁও/রাঙ্গামাটি/কুমিল্লা/গোপালগঞ্জ/ময়মনসিংহ।
২০। উপ-আঞ্চলিক প্রকৌশলী, কেন্দ্রীয় ভান্ডর, বাংলাদেশ বেতার, পাহাড়তলী, চট্টগ্রাম।
২১। প্রশাসনিক কর্মকর্তা, সংস্থাপন-১/২/কমন/যানবাহন/হিসাব, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
২২। হিসাব রক্ষণ কর্মকর্তা, বাজেট, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
২৩। নিরাপত্তা কর্মকর্তা, বাংলাদেশ বেতার, সদর দপ্তর,/জাতীয় বেতার ভবন, আগারগাঁও, ঢাকা।
২৪। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২৫। গার্ড ফাইল।

৩১/০৭/২৫

দেওয়ান মোহাম্মদ আহসান হাবীব
অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ)
মহাপরিচালকের পক্ষে।